

মঞ্জুরি নং-৩৯

১৪২-জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২৪-২৫	প্রক্ষেপণ	
		২০২৫-২৬	২০২৬-২৭
পরিচালন ব্যয়	৮৮,৯৬,০০	৯৭,৮৮,০০	১০৭,৬৯,০০
উন্নয়ন ব্যয়	৯৯৭,৫৯,০০	১০৯৭,৩৫,০০	১২০৭,০৮,০০
মোট	১০৮৬,৫৫,০০	১১৯৫,২৩,০০	১৩১৪,৭৭,০০
আবর্তক	৭৬,২২,২০	১৫৭,১৬,৩৯	১৪৮,০৭,৪৭
মূলধন	৮২,৭৩,৮০	১০৩৮,০৬,৬১	১১৬৬,৬৯,৫৩
আর্থিক সম্পদ	৯২৭,৫৯,০০	০	০
দায়	০	০	০
মোট	১০৮৬,৫৫,০০	১১৯৫,২৩,০০	১৩১৪,৭৭,০০

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

জ্বালানি ও খনিজ সম্পদ এর বিভিন্ন উৎস অনুসন্ধান, উত্তোলন, আহরণ, আমদানি বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা অর্জন

১.২ প্রধান কার্যাবলি

- ১.২.১. তেল, প্রাকৃতিক গ্যাস, তরল পেট্রোলিয়াম পদার্থ ও খনিজ সম্পদ বিষয়ক আইন, বিধি ও প্রণয়ন;
- ১.২.২. তেল, গ্যাস ও অন্যান্য খনিজ সম্পদের বিষয়ে গবেষণা, অনুসন্ধান, উত্তোলন এবং বিপণন সংক্রান্ত কার্যক্রম;
- ১.২.৩. জ্বালানি তেল এবং এর উপজাত দ্রব্যাদি, লুব্রিকেন্টস ইত্যাদি আমদানি, মজুদ, পরিশোধন, প্রক্রিয়াকরণ এবং বাজারজাতকরণ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন;
- ১.২.৪. ভূতাত্ত্বিক জরিপ সংশ্লিষ্ট কর্মসূচির পরিকল্পনা ও বাস্তবায়ন; এবং
- ১.২.৫. আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক লিয়োজৌ, সমঝোতা স্মারক এবং চুক্তি সম্পাদন।

২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
১. জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ	- ভূতাত্ত্বিক মানচিত্রায়ন - ভূ-প্রকৌশল মানচিত্রায়ন - পরিবেশ ও দুর্যোগ মোকাবেলায় দুর্যোগ পরিস্থিতি মূল্যায়ন	বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)
	- দেশের বিভিন্ন অঞ্চলে জ্বালানির উৎস অনুসন্ধান - ভূ-তাত্ত্বিক জরিপ সম্পাদন - এলএনজি আমদানি	পেট্রোবাংলা
	- তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি - অশোধিত পেট্রোলিয়াম পরিশোধনের ক্ষমতা বৃদ্ধি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
	জ্বালানি সংক্রান্ত ওয়ার্কশপ-সেমিনারের আয়োজন	- বিস্ফোরক পরিদপ্তর - বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই) - হাইড্রোকার্বন ইউনিট
	জ্বালানি বিষয়ক গবেষণা, প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা	- হাইড্রোকার্বন ইউনিট - বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই)
২. দেশের সকল অঞ্চলে জ্বালানি সরবরাহ ও দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ	- দেশের বিভিন্ন স্থানে সঞ্চালন পাইপ লাইন নির্মাণ ও সম্প্রসারণ - দেশের বিভিন্ন স্থানে বিতরণ পাইপ লাইন নির্মাণ ও সম্প্রসারণ - প্রি-পেইড মিটার স্থাপন - গ্যাসের অবৈধ সংযোগ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্নকরণ	পেট্রোবাংলা
	- অশোধিত তেল আমদানি, পরিশোধন ও সুষ্ঠু বিতরণ - পরিশোধিত জ্বালানি তেল আমদানি ও সরবরাহ - এলপিগিজ সরবরাহ বৃদ্ধি - পাইপলাইন স্থাপন - অটোমেশন কার্যক্রম	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)
	- বিভিন্ন দাহ্য পদার্থের উৎপাদন, মজুদ, পরিবহন ও ব্যবহারে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় অনাপত্তি লাইসেন্স ইস্যু ও নবায়ন - বিস্ফোরক দ্রব্য পরীক্ষণ	বিস্ফোরক পরিদপ্তর
	জ্বালানি সম্পদের মজুদ সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন	হাইড্রোকার্বন ইউনিট
৩. তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদ আহরণ ও অনুসন্ধান	ইজারা ও লাইসেন্স প্রদান	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
	খনিজ সম্পদ অনুসন্ধান (খনন)	বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)
	কঠিন শিলা উত্তোলন	পেট্রোবাংলা
৪. জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ	- বাপেক্স কর্তৃক ২ডি ও ৩ডি সিসমিক সার্ভে সম্পাদন - গ্যাস উন্নয়ন ও ওয়ার্কওভার কুপ খনন - জাতীয় কোম্পানি ও আইওসির মাধ্যমে গ্যাস উত্তোলন - বিকল্প জ্বালানি হিসেবে কয়লা উত্তোলন - পেট্রোলিয়াম প্রোডাক্টস এর উৎপাদন বৃদ্ধিকরণ	পেট্রোবাংলা

৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: দেশে তৈল গ্যাস ও খনিজ সম্পদ অনুসন্ধানের মাধ্যমে জ্বালানির উত্তোলন যোগ্য মজুদ বৃদ্ধি পাওয়ায় বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধিসহ দেশের শিল্পায়ন, ক্ষুদ্র ও কুটির শিল্প এবং সেবা খাতের সম্প্রসারণে তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। উৎপাদন ও উন্নয়নের সাথে দরিদ্র জনগোষ্ঠীর সরাসরি সংশ্লিষ্টতা থাকায় দরিদ্র জনগোষ্ঠীর আয় এবং একইসাথে তাদের

ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে। তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলনে আরো সক্ষমতা অর্জনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে, যা দারিদ্র্য নিরসনের উপর প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: জ্বালানি রিজার্ভ বৃদ্ধির সুব্যবস্থাপনার মাধ্যমে দেশের সকলকে জ্বালানি সুবিধা প্রদান করার উদ্যোগ নেয়া হয়েছে। ফলশ্রুতিতে মোট জনসংখ্যার অর্ধেক হিসেবে নারীও এর সুফল ভোগ করছে। তৈল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলনে সক্ষমতা বৃদ্ধির ফলে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে। নারী উন্নয়নে তার প্রভাব দৃশ্যমান।

জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব: জ্বালানি সম্পদের ব্যবহার বৃদ্ধির সাথে সাথে কখনো কখনো জলবায়ু পরিবর্তনের সম্ভাবনা থেকে যায়। জ্বালানি সঞ্চালন ব্যবস্থাপনার অন্যতম একটি উদ্দেশ্য হচ্ছে উদ্যোগী শিল্প সংগঠনকে সহায়তা প্রদান, যা দ্বারা দেশের প্রান্তিক তথা পিছিয়ে থাকা বিশেষত পরিবেশগত সম্ভাব্য বিপর্যয়ের সম্মুখীন জনগণের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পায়। এভাবে জনকল্যাণ মূলক উন্নয়ন কার্যক্রম ও নির্ভরযোগ্য জীবিকা অর্জনের অভিযোজনের সংগে জ্বালানি নিরাপত্তা নিবিড়ভাবে সম্পর্কিত। দেশের বিভিন্ন অঞ্চলে তুলনামূলক কম কার্বন নিঃসরণকারী ও সাশ্রয়ী জ্বালানি ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন গত ৩ বছরে ৩ গুণ বৃদ্ধি পেয়েছে। পরিবেশগত দিক বিবেচনায় নিয়েই এ ধরনের কার্যক্রম সম্পাদন করা হচ্ছে।

৩.১.২ দেশের সকল অঞ্চলে জ্বালানির সরবরাহ ও দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: গ্যাস পাইপলাইন স্থাপন ও বিতরণ ব্যবস্থায় দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করার মাধ্যমে দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত করা হচ্ছে। দেশের চাহিদা অনুযায়ী জ্বালানি তেল সরবরাহ করে কৃষি, সেচ ইত্যাদি কাজে সম্পৃক্ত জনশক্তিকে অধিক ফসল ফলাতে সহায়তা করা হচ্ছে। কৃষিতে অধিক ফলনের মাধ্যমে দেশের দারিদ্র্য নিরসন সম্ভব হচ্ছে। এছাড়া, দক্ষ ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে গ্যাসের সীমিত মজুদ সত্ত্বেও আর্থ-সামাজিক উন্নয়ন তথা দারিদ্র্য নিরসনে অবদান রাখা সম্ভব হচ্ছে।

নারী উন্নয়নের উপর প্রভাব: গ্যাস সুবিধা সম্প্রসারণের ফলে গৃহস্থালী কাজে নারীরা সুফল পাচ্ছে। চাহিদা অনুযায়ী জ্বালানি তেল সরবরাহের মাধ্যমে কৃষি ও সেচ সেক্টরে সংশ্লিষ্ট নারীর অগ্রগতিতে সহায়তা করা সম্ভব হচ্ছে। নারী উদ্যোক্তাদেরকে তাদের প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহে অগ্রাধিকার প্রদান করা হচ্ছে।

জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব: জ্বালানি দক্ষতা বৃদ্ধি এবং সিস্টেম লস হ্রাস এই দুটি উপাদান জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গ্যাস লিকেজ নিয়ন্ত্রণ, ওয়েলহেড এবং পরিচালন কার্যক্রমের দক্ষতা বৃদ্ধির জন্য বিদ্যমান প্রকল্পসমূহ এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

৩.১.৩ তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদ আহরণ ও অনুসন্ধান

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: দেশের বিভিন্ন অঞ্চলে তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য অনেক খনিজ সম্পদ মজুদ রয়েছে। এসব খনিজ সম্পদ উত্তোলন প্রক্রিয়ায় মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে, যা দারিদ্র্য নিরসনে প্রত্যক্ষ ভূমিকা রাখছে।

নারী উন্নয়নের উপর প্রভাব: খনিজ সম্পদ উত্তোলন প্রক্রিয়ায় মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে, যেখানে নারীরা ও কর্মসংস্থানের অংশীদার যা নারী উন্নয়নেও ভূমিকা রাখছে। দেশের বিভিন্ন খনিই জারা, কোয়ারিই জারাও অনুসন্ধান লাইসেন্স কার্যক্রমে অংশগ্রহণকারী শ্রমিকগণের মধ্যে একটি বড় অংশ নারী শ্রমিক, ফলে লাইসেন্স ও ইজারা কার্যক্রমে নারী উন্নয়নে ভূমিকা রাখবে।

জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব: কার্বন-ডাই-অক্সাইড নিঃসরণ সহায়ক পর্যায়ে রাখার জন্য পরিবেশ ও জলবায়ু বান্ধব প্রকল্প প্রণয়নের পরিকল্পনা করা হবে, যা আন্তর্জাতিক নির্ধারিত কার্বন ডাই-অক্সাইড নিঃসরণ লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে। প্রতি বছর পাহাড়ী ঢল ও নদী দ্বারা আগত পাথর এবং সিলিকা বালুই জারা প্রদান করা হয় যা উত্তোলনের ফলে নদীর নাব্যতা রক্ষার মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা হচ্ছে।

৩.১.৪ জ্বালানি উৎপাদন আহরণ ও বৃদ্ধিকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: দেশে তেল গ্যাস অনুসন্ধানের মাধ্যমে জ্বালানি উত্তোলনযোগ্য মজুদ বৃদ্ধি পাওয়ায় বিভিন্ন অঞ্চলে জ্বালানি উৎপাদন, আহরণ ও বৃদ্ধিকরণের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়ে হয়েছে। সিসমিক সার্ভে সম্পাদন গ্যাস উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন, গ্যাস ও কয়লা উত্তোলন প্রক্রিয়ায় মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। যা দারিদ্র্য নিরসনে অন্যতম ভূমিকা রাখছে।

নারী উন্নয়নের উপর প্রভাব: জ্বালানি রিজার্ভ বৃদ্ধির সুব্যবস্থাপনার মাধ্যমে দেশের সকলকে জ্বালানি সুবিধা প্রদান করার উদ্যোগ নেওয়া হয়েছে। জ্বালানি উৎপাদন ও আহরণ ও বৃদ্ধিকরণ প্রক্রিয়ায় পুরুষের পাশাপাশি নারীরাও কর্মসংস্থানের অংশীদার যা নারী উন্নয়নে ভূমিকা রাখছে। তেল ও গ্যাস অনুসন্ধান উন্নয়ন ও উত্তোলনে সক্ষমতা বৃদ্ধির ফলে দেশের আর্থ সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে। নারী উন্নয়নে তার প্রভাব দৃশ্যমান।

জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব: জ্বালানি সম্পদের বৃদ্ধির ব্যবহারের সাথে সাথে কখনও কখনও জলবায়ু পরিবর্তনের সম্ভাবনা থেকে যায়। জ্বালানি উৎপাদন আহরণ ও বৃদ্ধিকরণ প্রক্রিয়ায় জ্বালানি ব্যবহার বৃদ্ধির সঙ্গে কখনও কখনও জলবায়ু পরিবর্তনের সম্ভাবনা থেকে যায় এক্ষেত্রে পরিবেশগত দিক বিবেচনায় নিয়ে কুপ খনন সিসমিক সার্ভে গ্যাস উত্তোলন কয়লা আহরণের মত কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। দেশের বিভিন্ন অঞ্চলের তুলনামূলক কম কার্বন নিঃসরণকারী ও সাশ্রয়ী জ্বালানি বৃদ্ধির লক্ষ্যে গ্যাস সঞ্চালন পাইপ লাইন স্থাপন গত তিন বছরে তিন গুন বৃদ্ধি পেয়েছে। পরিবেশগত বিবেচনায় নিয়ে এ ধরনের কার্যক্রম সম্পাদন করা হচ্ছে।

৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২৪-২৫	প্রক্ষেপণ	
		২০২৫-২৬	২০২৬-২৭
দারিদ্র্য নিরসন	৬৭০,০৭,৮০	৩৯০,২০,৪৩	৩১২,৬০,৭৩
নারী উন্নয়ন	৩৪৭,১০,৪২	২৪,৪৮,৮৫	২৭,১০,৭৯
জলবায়ু পরিবর্তন	১২৭,৪৮,০০	১৪০,২২,৮০	১৫৪,২৫,০৮

৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
১. গ্যাস অনুসন্ধান ও উত্তোলন গ্যাসের ক্রমবর্ধমান চাহিদা মেটানোর লক্ষ্যে অনুসন্ধান কার্যক্রম জোরদারকরণ অপরিহার্য। অনুসন্ধান কার্যক্রমের মাধ্যমে নতুন নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কার এবং জ্বালানি মজুদ করা সম্ভব হলে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা যাবে। এজন্য এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে।	জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ
২. কয়লা খাতের উন্নয়ন গ্যাসের মজুদ ক্রমান্বয়ে হ্রাস পাওয়ায় বিকল্প জ্বালানি হিসেবে কয়লা ক্ষেত্রের উন্নয়নের মাধ্যমে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে।	জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ
৩. নিরবচ্ছিন্ন জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিতকরণ কৃষি, যোগাযোগ, শিল্প ও বিদ্যুৎ খাতের উন্নয়নে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ অত্যাবশ্যক। এজন্য এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে।	দেশের সকল অঞ্চলে জ্বালানির সরবরাহ ও দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ
৪. গ্যাসের সরবরাহ বৃদ্ধি ও গ্যাসের সর্বোত্তম ব্যবহার গ্যাস নেটওয়ার্ক সম্প্রসারণের মাধ্যমে দেশে চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা গেলে দেশের প্রত্যন্ত অঞ্চলে ছোট বড় শিল্প কারখানা গড়ে উঠায় সহায়তা করে অর্থনৈতিক উন্নয়নে অবদান এবং গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন সম্ভব। এজন্য এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে।	দেশের সকল অঞ্চলে জ্বালানির সরবরাহ ও দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ
৫. স্টেম লস হ্রাস এবং অপারেশনাল দক্ষতা বৃদ্ধি ও বকেয়া বিল আদায় জোরদারকরণ গ্যাস বিতরণ ব্যবস্থাপনায় সিস্টেম লস হ্রাস, তেল বিপণনে অপারেশনাল দক্ষতা বৃদ্ধি ও বকেয়া আদায় কার্যক্রম জোরদার করার মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি করে ভর্তুকির পরিমাণ কমিয়ে আনা সম্ভব হবে। এজন্য এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে।	দেশের সকল অঞ্চলে জ্বালানির সরবরাহ ও দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ

৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৪-২৫ হতে ২০২৬-২৭)

৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট	প্রক্ষেপণ	
	২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
সচিবালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	৯৩৩,৭৮,৩০	১০৮২,৯৭,৮৪	১০১৯,৬৬,৫০	১১২৭,১৯,৫২	১২৩৬,৮৮,১৬
প্রধান কার্যালয়, বিস্ফোরক অধিদপ্তর	২,৫৩,৩৫	২,৪৫,৭৫	২,৭০,২১	৩,০২,৮৭	৩,১১,৩০
বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়সমূহ	২,৩০,৬৫	২,৩৮,২৬	৩,১৯,২৯	৪,৩০,৭৩	৬,৪৬,৪২
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো	২,৭২,৭০	২,৫২,৫০	৮,৭১,০০	৪,১৮,৩১	৪,১৪,২৪
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর	৫২,৯৬,০০	৫২,৭৩,১৪	৫২,২৮,০০	৫৬,৫১,৫৭	৬৪,১৬,৮৮
সর্বমোট :	৯৯৪,৩১,০০	১১৪৩,০৭,৪৯	১০৮৬,৫৫,০০	১১৯৫,২৩,০০	১৩১৪,৭৭,০০

৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

অর্থনৈতিক গ্রুপ কোড	বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট	প্রক্ষেপণ	
		২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
	আবর্তক ব্যয়					
৩১১১	নগদ মজুরি ও বেতন	৪০,৩৬,৬৫	৪০,২১,৩৩	৪৩,৭৯,৮৪	৫০,১২,৮৪	৫৪,৯১,৪৮
৩২১১	প্রশাসনিক ব্যয়	৪,৮৩,৮২	৪,৯৯,২০	৫,২৪,৩৮	৬,১২,৯৫	৫,৯১,৫৩
৩২২১	ফি, চার্জ ও কমিশন	৭,১০	৩,১৩	১,৬৭,২৫	৮৭,২০	৭২,২০
৩২৩১	প্রশিক্ষণ	২,০১,৩৫	১,৫৬,৬৫	১,৬১,৪৫	২,৫৬,৬০	২,৭৬,৮০
৩২৪৩	পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট	১,৬৩,৭৫	১,৭০,৯৫	১,৮৮,০০	২,০৪,১০	২,১৭,৮৫
৩২৪৪	ভ্রমণ ও বদলি	২,৩৪,৩৮	১,৪৯,৯৫	১,৬২,৪৫	২,৭৮,৭০	২,৮০,৩০
৩২৫৩	জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ	২৬,৫০	২৬,৫০	৫৩,০০	৮০,০০	৮০,০০
৩২৫৫	মুদ্রণ ও মনিহারি	১,০২,৯৩	১,০৪,৫৮	১,১৫,৬৭	১,৪৫,০৪	১,৫৪,৫০
৩২৫৬	সাধারণ সরবরাহ ও কীচামাল সামগ্রী	৪২,৩০	৪২,১০	৫১,৫৫	৪৭,৪২	৫১,০৪
৩২৫৭	পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়	৫,৩৮,৬৭	৪,৮১,০৭	৭,৭৫,৩১	৭,৩৬,৭৬	৬,৫৫,০০
৩২৫৮	মেরামত ও সংরক্ষণ	৪,৪৯,৬৫	৪,২৯,৮১	৫,৭২,০৫	৫,৯২,২০	৬,৬৪,৮০
৩৬৩১	আবর্তক অনুদান	৩,৫৩,৫০	৩,৫৩,০০	৩,৫৩,০০	৪,৭৩,০০	৩,৭৯,৫৫
৩৮২১	আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়	৫,৬৫	৪,১০	৫,৭৫	৭,৭৫	৮,২৫
৩৮২৩	প্রকল্পের আবর্তক স্থানান্তর	০	০	০	৭১,৮১,৮৩	৫৮,৮৪,১৭
৩৯১১	সংরক্ষিত	৪০,৮০	০	১,১২,৫০	০	০
	মোট : - আবর্তক ব্যয়	৬৬,৮৭,০৫	৬৪,৪২,৩৭	৭৬,২২,২০	১৫৭,১৬,৩৯	১৪৮,০৭,৪৭
	মূলধন ব্যয়					
৪১১১	ভবন ও স্থাপনাসমূহ	১২,০০,০০	১২,০০,০০	৪,৫০,০০	৬,৩৮,৬৯	৬,৮৮,০০
৪১১২	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৩,৪৫,৯৫	৩,৬২,৫৮	৭,৯৭,৮০	৫,৮০,৭৫	১১,১৮,৭০
৪১১৩	অন্যান্য স্থায়ী সম্পদ	৩০,০০	২৬,৫৪	২৬,০০	৩৪,০০	৩৯,০০
৪২১১	প্রকল্প মূলধন ব্যয়	০	০	০	৯১১,৩৮,৭৬	১০৮০,৫৩,৪৮
৪৯১১	সংরক্ষিত	২৬,০৫,০০	০	৭০,০০,০০	১১৪,১৪,৪১	৬৭,৭০,৩৫
	মোট : - মূলধন ব্যয়	৪১,৮০,৯৫	১৫,৮৯,১২	৮২,৭৩,৮০	১০৩৮,০৬,৬১	১১৬৬,৬৯,৫৩
	সম্পদ					
৭২১৫	ঋণ	৬৭৭,২৫,৪১	৮৫৮,৪০,৮৬	৭৭৭,৪২,৫৪	০	০
৭২১৬	সমমূলধন (Equity) ও বিনিয়োগ তহবিল শেয়ার	২০৮,৩৭,৫৯	২০৪,৩৫,১৪	১৫০,১৬,৪৬	০	০
	মোট : - সম্পদ	৮৮৫,৬৩,০০	১০৬২,৭৬,০০	৯২৭,৫৯,০০	০	০
	সর্বমোট :	৯৯৪,৩১,০০	১১৪৩,০৭,৪৯	১০৮৬,৫৫,০০	১১৯৫,২৩,০০	১৩১৪,৭৭,০০

৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমোয়াদি লক্ষ্যমাত্রা		
			২০২২-২৩		২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১. দেশের বিভিন্ন অঞ্চলে জ্বালানি উৎস অনুসন্ধান	১	সংখ্যা	২	২	৪	২	১	৩	৪
২. গ্যাস উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন	৪	বিসিএফ	৭২০	৬৮০	৬৮০	৭০০	৬৮০	৬৩০	৬৩০
৩. বিকল্প জ্বালানি হিসেবে কয়লা উত্তোলন	৪	মিলিয়ন মে. টন	৩.৫	০.৭৬৭	৫.০	০.৬০	০.৬৩	০.৫০	০.৬০
৪. দেশের বিভিন্ন স্থানে গ্যাস সঞ্চালন পাইপ লাইন নির্মাণ ও সম্প্রসারণ	২	কি.মি.	৭০	৬৯	২১০	১০০	১১০	১১০	১২০
৫. এলএনজি আমদানি	১	এমটিপিএ	৪.২	৩.৫৬	৪.৫	৩.৯	৫.০	৫.৫	৫.৫
৬. মাথাপিছু নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার	২	সমতুল্য কি.গ্রা.তেল	০	০	০	১৪২.৫৮৩	১৩৩.৯৫৫	১২৪.৫৮৯	১২৪.৫৮৯

৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

৬.১ সচিবালয়

৬.১.১ সাম্প্রতিক অর্জন: বিগত ০৩ বছরে ৩৯০৭ লাইন কি.মি. দ্বিমাত্রিক ও ১৯১ বর্গ কি.মি. ত্রিমাত্রিক জরিপ সম্পন্ন করা হয়েছে। পেট্রোবাংলার আওতায় অনুসন্ধান কূপ খনন করা হয়েছে ৬টি এবং উন্নয়ন কূপ খনন ও কূপের ওয়ার্ক ওভার করা হয়েছে মোট ১২ টি। এলএনজি আমদানি করা হয়েছে ১৩ মিলিয়ন টন। গ্যাস সঞ্চালনের জন্য ১৬১ কি.মি. গ্যাস সঞ্চালন পাইপ লাইন এবং ২৮৫ কিঃ মিঃ গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ করা হয়েছে। গৃহস্থালী খাতে প্রিপেইড মিটার এবং শিল্প ও সিএনজি শ্রেণিতে ই ভিসিযুক্ত মিটার সংযোজন করা হয়েছে প্রায় ১.৩০ লক্ষেরও অধিক। এ সময়ে কয়লা উৎপাদন হয়েছে ২ মিলিয়ন মেট্রিক টন এবং গ্রানাইট উত্তোলন হয়েছে ২.০৯ মিলিয়ন মেট্রিক টন। গত তিন বছরে বিপিসি ৪৫.২৩ ল.মে. টন অপরিশোধিত ও ১৪৬.৮১ ল.মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করেছে এবং ৫৮৩ কিঃ মিঃ জ্বালানি তেল পাইপলাইন নির্মাণ করা হয়েছে

৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রাঃ

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমোয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২২-২৩		২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
প্রযোজ্য নয়										

৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমোয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২২-২৩	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমোয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সাধারণ কার্যক্রম							
১৪২০১০১ - সচিবালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ		১৩,৭৯,০১	১৮,৫৫,১০	১৬,৬৭,৪৪	১৮,৫২,৮৫	২৫,০৯,৭৭	২৫,৯৮,৮৬
মোট : সাধারণ কার্যক্রম		১৩,৭৯,০১	১৮,৫৫,১০	১৬,৬৭,৪৪	১৮,৫২,৮৫	২৫,০৯,৭৭	২৫,৯৮,৮৬
বিশেষ কার্যক্রম							
১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ	-	৩,৩৫	২৪,০০	২৪,০০	০	০	০
১২৭০০০৩৪০১ - কমিশন ফর দি জিওলজিক্যাল ম্যাপ অব দি ওয়ার্ল্ড (সিজিএমডব্লিউ)	-	৪০	৯০	৭০	৮০	৯০	৯০
১২৭০১০১০১ - ইন্টারন্যাশনাল ইউনিয়ন অব জিওলজিক্যাল সায়েন্সেস (আইইউজিএস)	-	৫৮	৮০	৭০	৮৫	৮৫	৮৫
মোট : বিশেষ কার্যক্রম		৪,৩৩	২৫,৭০	২৪,৭০	১,৬৫	১,৭৫	১,৭৫
মোট : পরিচালন কার্যক্রম		১৩,৮৩,৩৪	১৮,৮০,৮০	১৬,৯২,৮৪	১৮,৫৪,৫০	২৫,১১,৫২	২৬,০০,৬১

অপারেশন ইউনিট, ক্রিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২২-২৩	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮
উন্নয়ন কার্যক্রম							
বার্ষিক উন্নয়ন কর্মসূচি							
২২১০০০১৪২ - জ্বালানিও খনিজ সম্পদ বিভাগের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত		০	২৬,০৫,০০	০	৭০,০০,০০	০	০
মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি		০	২৬,০৫,০০	০	৭০,০০,০০	০	০
মোট : উন্নয়ন কার্যক্রম		০	২৬,০৫,০০	০	৭০,০০,০০	০	০
মোট :		১৩,৮৩,৩৪	৪৪,৮৫,৮০	১৬,৯২,৮৪	৮৮,৫৪,৫০	২৫,১১,৫২	২৬,০০,৬১

৬.২ পেট্রোবাংলা

৬.২.১ সাম্প্রতিক অর্জন: পেট্রোবাংলার আওতায় বিগত তিন বছরে ৬টি অনুসন্ধান কূপ খনন করা হয়েছে এবং ১২ টি উন্নয়ন কূপ খনন ও কূপের ওয়ার্কওভার করা হয়েছে। এছাড়া, একই সময়ে ৩৯০৭ লাইন কি.মি. দ্বিমাত্রিক ও ১৯১ বর্গ কি.মি. ত্রিমাত্রিক জরিপ সম্পন্ন করা হয়েছে। দৈনিক গ্যাস সরবরাহ ২৫৬১ এমএমসিএফডিতে উন্নীত হয়েছে এবং ১৩ মিলিয়ন টন এলএনজি আমদানি করা হয়েছে। গত তিন বছরে ১৬১ কি.মি. গ্যাস সঞ্চালন পাইপলাইন এবং ২৮৫ কি.মি. গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ করা হয়েছে। গৃহস্থালী খাতে এবং শিল্প ও সিএনজি শ্রেণীতে প্রায় ১.৩০ লক্ষের অধিক প্রিপেইড মিটার ও ইভিসিযুক্ত মিটার সংযোজন করা হয়েছে। এ সময়ে ২ মিলিয়ন মেট্রিক টন কয়লা উৎপাদন হয়েছে এবং ২.০৯ মিলিয়ন মেট্রিক টন গ্রানাইট পাথর উত্তোলন/বিপণন করা হয়েছে।

৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. দেশের বিভিন্ন অঞ্চলে জ্বালানির উৎস অনুসন্ধান	গ্যাস অনুসন্ধান কূপ খনন	১	সংখ্যা	২	২	৪	২	৩	৩	৩
২. গ্যাস উন্নয়ন ও ওয়ার্ক ওভার কূপ খনন	উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন	৪	সংখ্যা	৪	৪	৮	৫	১০	৮	৮
৩. জাতীয় কোম্পানি ও আইওসি'র মাধ্যমে গ্যাস উত্তোলন	আইওসি'র মাধ্যমে গ্যাস উৎপাদন	৪	বি.সি.এফ.	৫০০	৫০০	৪৫০	৪৫০	৪৪০	৪২০	৪২০
	জাতীয় কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন			২২০	৩০০	২৩০	২৫০	২৪০	২১০	২১০
৪. দেশের বিভিন্ন স্থানে সঞ্চালন পাইপ লাইন নির্মাণ ও সম্প্রসারণ	গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন	২	কি:মি:	৫০	৬৯	০	১৮	৩০	৬০	৬০
৫. দেশের বিভিন্ন স্থানে বিতরণ পাইপ লাইন নির্মাণ ও সম্প্রসারণ	গ্যাস বিতরণ পাইপলাইন সম্প্রসারণ	২	কি:মি:	৭০	৭০	২১০	৬০	৭০	৯০	৯০
৬. বাপেক্স কর্তৃক ২ডি ও ৩ ডি সিসমিক সার্ভে সম্পাদন	সিসমিক সার্ভে সম্পাদিত	৪	লাইন কি.মি.	১১০০	১৫১৫	১০০০	৯৫০	১২০০	১৫০০	১৫০০
৭. ভূ-তাত্ত্বিক জরিপ সম্পাদন	ভূ-তাত্ত্বিক জরিপ সম্পাদিত	১	লাইন কি.মি.	৮৫	৮৫	৯০	৮৫	৮০	৮৫	৮৫
৮. কঠিন শিলা উত্তোলন	শিলা উত্তোলনের পরিমাণ	৩	লক্ষ মে.টন	৫	৬.৮৮	১০	৪	১০	১০	১০

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২২-২৩		২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
৯. পেট্রোলিয়াম প্রোডাক্টস এর উৎপাদন (এনজিএল ব্যতিত)	উৎপাদিত পেট্রোলিয়াম প্রোডাক্টস	৪	মিলিয়ন টন	৩৬০	৪৩০	৩৭০	৩৭০	৩৫০	৩১৫	৩১৫
১০. প্রি-পেইড মিটার স্থাপন	প্রি-পেইড মিটার স্থাপিত	২	সংখ্যা	১৫০০০	১৩৫০০	১২০০০০	৯৫০০০	৬২০০০	৬৫০০০	৬৫০০০
	ইভিসি যুক্ত মিটার স্থাপিত		%	০	০	১০০	১০০	১০০	১০০	১০০
১১. বিকল্প জ্বালানি হিসেবে কয়লা উত্তোলন	কয়লা আহরণের পরিমাণ	৪	মিলিয়ন মে.টন	৩.৫	০.৬৫	০.৫০	০.৬০	০.৬০	০.৬০	০.৬০
১২. এলএনজি আমদানি	আমদানীকৃত এলএনজি	১	এমটিপিএ	৪.২	৩.৫৬	৪.৫	৩.৯	৫.০	৫.৫	৫.৫
১৩. গ্যাসের অবৈধ সংযোগ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্নকরণ	অবৈধ সংযোগ বিচ্ছিন্ন	২	সংখ্যা	৭৫০০	২৮৪৭৯	৬৫০০	১৮০০০	১৩৩০০	৮২০০	৮২০০
১৪. মাথাপিছু নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার	মাথাপিছু গ্যাস ব্যবহার	২	সমতুল্য কি.গ্রা.তেল	০	০	০	১৩৮.৪০৮	১২৯.৯২৫	১২০.৭৬৯	১২০.৭৬৯
				০	০	০	২.৪০৫	২.৩৮	২.৩৫	২.৩৫
				০	০	১০	১.৭৭	১.৬৫	১.৪৭	১.৪৭

৬.২.৩ অপারেশন ইউনিট, কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২২-২৩	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮
বার্ষিক উন্নয়ন কর্মসূচি							
২২৩০৫০২০০ - জ্বালানি খাতে শক্তি স্থানান্তর, নিরাপত্তা ও জ্বালানি দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি সহায়তা প্রকল্প। (০১/০১/২০২৪ - ৩১/১২/২০২৬) অনুমোদিত	১৪	০	০	০	১,০০,০০	১৮,০৭,৫০	০
২২৪০৬২১০০ - * তিতাস গ্যাস ফিল্ডের লোকেশন-এ তে ওয়েলহেড কম্প্রেশর স্থাপন (১ম সংশোধিত) (০১/০৭/২০১৬-৩১/১২/২০২৩) অনুমোদিত	২	৩৪৩,৩৫,৬৯	৯১,৫৫,০০	৭৯,৭৬,০০	০	০	০
২২৪০৬২৯০০ - ইন্টেলেশন অব প্রিপেইড গ্যাস মিটার ফর টিজিটিভিসিএল (বিডি-পি ৭৮: ন্যাচারাল ইফেসিয়েন্সি প্রজেক্ট) (৩য় সংশোধিত) (০১/০১/২০১৫-৩০/০৬/২০২৪) অনুমোদিত	১০	১২০,৭১,৫৮	২০২,৫৫,০০	১৯১,৪৪,০০	০	০	০
২২৪২৭৩২০০ - বগুড়া-রংপুর-সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত) (০১/১০/২০১৮ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত	৪	৩০০,১৮,০৯	১৪২,১১,০০	১৪২,১১,০০	১২০,২০,০০	০	০
২২৪৩৪৮৪০০ - * বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২১-৩০/০৬/২০২৪) অনুমোদিত	৪	০	২৬৯,৬৫,০০	৩০৯,১৮,০০	২০৫,১৬,০০	০	০
২২৪৩৪৯০০০ - রংপুর-নীলফামারী-পীরগঞ্জ শহর ও তৎসংলগ্ন এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৭/২০২১ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত	৫	৪৮,০০	৭৯,৫৩,০০	৪০,০০,০০	১১৫,০০,০০	২৩,৬৩,৭৪	০
২২৪৩৮৯৩০০ - তেল ও গ্যাস উৎপাদন/সরবরাহ ব্যবস্থায় কার্বন নিঃসরণ হ্রাসকরণ বিষয়ক কারিগরি সহায়তা প্রকল্প। (০১/১০/২০২৩ - ৩০/০৯/২০২৬) অনুমোদিত	৪.৫	০	০	০	৩,০০,০০	০	০
২২৪৩৯০৬০০ - পিজিসিএল অধিভুক্ত এলাকায় স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার, স্কাভা এবং জিআইএস স্থাপন (০১/১০/২০২৩ - ৩০/০৯/২০২৭) অনুমোদিত	১০	০	০	১,০০	৩,৪৬,০০	২৭৮,০৯,০০	২০৭,৬৬,০০

অপারেশন ইউনিট, ক্রিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২২-২৩	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২৪৩৯০৭০০ - স্মার্ট মিটারিং এনার্জি ইফিসিয়েন্সি ইমপ্লুমেন্ট প্রজেক্ট [ইনস্টলেশন অফ প্রিপেইড গ্যাস মিটার ফর টিজিটিডিসিএল] (০১/০১/২০২৪ - ৩১/১২/২০২৭) অনুমোদিত	১০	০	০	১,০০	৪০,৪৬,০০	৫১৩,৯৪,৬০	৫০৭,৯০,০৫
২২৪৩৯০৮০০ - গ্যাস সেক্টর ইফিসিয়েন্সি ইমপ্লুমেন্ট এন্ড কার্বন এব্যাটমেন্ট প্রজেক্ট (ইন্সটলেশন অফ স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার ফর টিজিটিডিসিএল) (০১/০১/২০২৪ - ৩১/১২/২০২৮) অনুমোদিত	১০	০	০	১,০০	৬১,২৫,০০	২৬৩,৬০,১৬	৪৯১,৫১,৯৫
মোট: বার্ষিক উন্নয়ন কর্মসূচি		৭৬৪,৭৩,৩৬	৭৮৫,৩৯,০০	৭৬২,৫২,০০	৫৪৯,৫৩,০০	১০৯৭,৩৫,০০	১২০৭,০৮,০০
মোট: উন্নয়ন কার্যক্রম		৭৬৪,৭৩,৩৬	৭৮৫,৩৯,০০	৭৬২,৫২,০০	৫৪৯,৫৩,০০	১০৯৭,৩৫,০০	১২০৭,০৮,০০
মোট:		৭৬৪,৭৩,৩৬	৭৮৫,৩৯,০০	৭৬২,৫২,০০	৫৪৯,৫৩,০০	১০৯৭,৩৫,০০	১২০৭,০৮,০০

৬.৩ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)

৬.৩.১ সাম্প্রতিক অর্জন: বিগত ০৩ বছরে বিপিসি ৪৫.২৩ ল.মে. টন অপরিশোধিত ও ১৪৬.৮১ ল.মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করেছে। এছাড়া বিপিসি একই সময়ে মোট ১৮,৭৯৫ মেঃ টন ন্যাফথা রপ্তানী করেছে। এছাড়া, গত ০৩ বছরে “ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন” শীর্ষক প্রকল্পের অধীনে ১৩১.৫০ কিঃমিঃ পাইপলাইন এবং “ইন্সটলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং উইথ ডাবল পাইপলাইন” প্রকল্পের অধীনে ২২০ কিঃমিঃ পাইপলাইন স্থাপনপূর্বক পাইপলাইনের সফল কমিশনিং সম্পন্ন হয়েছে। এছাড়াও “চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপলাইনে জ্বালানি তেল পরিবহন” শীর্ষক প্রকল্পের অধীনে ২৪৯.৫৭ কিঃমিঃ পাইপলাইনের মধ্যে ২৩২.৫০ কিঃমিঃ পাইপলাইন স্থাপন করা হয়েছে। এ সময়ে স্টোরেজ সক্ষমতা প্রায় ১০২৫০ মেট্রিক টন বৃদ্ধি করা হয়েছে।

৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

[illegible]

৬.৩.৩ অপারেশন ইউনিট, ক্ষিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২২-২৩	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭	
১	২	৩	৪	৫	৬	৭	৮
বার্ষিক উন্নয়ন কর্মসূচি							
২২৪০৬২৩০০ - ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন (৪র্থ সংশোধিত) (০১/১১/২০১৫ - ৩১/১২/২০২৪) অনুমোদিত	১,৪,৬	৫৩৯,৭৫,৫৪	১০০,০০,০০	৩০০,০০,০০	৩৭৮,০৬,০০	০	০
মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি		৫৩৯,৭৫,৫৪	১০০,০০,০০	৩০০,০০,০০	৩৭৮,০৬,০০	০	০
মোট : উন্নয়ন কার্যক্রম		৫৩৯,৭৫,৫৪	১০০,০০,০০	৩০০,০০,০০	৩৭৮,০৬,০০	০	০
মোট :		৫৩৯,৭৫,৫৪	১০০,০০,০০	৩০০,০০,০০	৩৭৮,০৬,০০	০	০

৬.৪ বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬.৪.১ সাম্প্রতিক অর্জন: জিএসবি কর্তৃক (বিগত তিন বছরে) দেশে প্রায় ৫,৯২৮ বর্গ কি.মি. এলাকার ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, প্রায় ৭২৭কি.মি. এলাকার ভূপদার্থিক জরিপ ও প্রায় ৯৫ লাইন কি.মি.এলাকার সাইসমিক জরিপ এবং ১৩৫ বর্গকি.মি. এলাকার রাসায়নিক মৌলের উপস্থিতি ও পরিমাণ নির্ণয় সম্পন্ন হয়েছে। উক্ত সময়ে জিএসবির বৈশিষ্ট্যবিশিষ্ট রসায়ন গবেষণাগারে ৭৭৬টি নমুনা বিশ্লেষণ করা হয়, ৩টি কুপ খনন করা হয়। সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওস্ট্রাক্টোজিক্যাল ডাটাবেজ এ্যাপস তৈরি করে গুগল প্লে স্টোরে “BD Palaeontology” নামে আপলোড করা হয়েছে এবং 'Bangladesh Mineral Museum' নামে এ্যাপস তৈরি করে গুগল প্লে স্টোরে আপলোড করা হয়েছে।

৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. ভূতাত্ত্বিক মানচিত্রায়ন	ভূতাত্ত্বিক মানচিত্রায়ন	১	সংখ্যা	১০	১১	১১	৮	১১	১৩	১৫
২. খনিজ সম্পদ অনুসন্ধান (খনন)	খনিজ সম্পদ অনুসন্ধান	৩	সংখ্যা	১	০	১	১	১	১	১
৩. ভূ-প্রকৌশল মানচিত্রায়ন	ভূ-প্রকৌশল মানচিত্র	১	সংখ্যা	১	১	১	১	১১	১	১
৪. পরিবেশ ও দুর্যোগ মোকাবেলায় দুর্যোগ পরিস্থিতি মূল্যায়ন	মূল্যায়ন প্রতিবেদন	১	সংখ্যা	১	১	২	১	২	২	২

৬.৪.৩ অপারেশন ইউনিট, ক্ষিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, ক্ষিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২২-২৩	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭	
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সাধারণ কার্যক্রম							
১৪২০৪০১ - বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর	১-৪	৩৪,৮৭,১৯	৫২,৯৬,০০	৫২,৭৩,১৪	৫২,২৮,০০	৫৬,৫১,৫৭	৬৪,১৬,৮৮
মোট : সাধারণ কার্যক্রম		৩৪,৮৭,১৯	৫২,৯৬,০০	৫২,৭৩,১৪	৫২,২৮,০০	৫৬,৫১,৫৭	৬৪,১৬,৮৮
মোট : পরিচালন কার্যক্রম		৩৪,৮৭,১৯	৫২,৯৬,০০	৫২,৭৩,১৪	৫২,২৮,০০	৫৬,৫১,৫৭	৬৪,১৬,৮৮
মোট :		৩৪,৮৭,১৯	৫২,৯৬,০০	৫২,৭৩,১৪	৫২,২৮,০০	৫৬,৫১,৫৭	৬৪,১৬,৮৮

৬.৫ বিস্ফোরক পরিদপ্তর

৬.৫.১ সাম্প্রতিক অর্জন: বিস্ফোরক পরিদপ্তর বিস্ফোরক ও পেট্রোলিয়াম অ্যাক্টের অধীনে বিগত তিন বছরে ২৬ ধরনের যথাক্রমে ৩১৪৪টি লাইসেন্স মঞ্জুর; লাইসেন্স এর মাধ্যমে এলপিগিজ সিলিন্ডার আমদানি ১০,২৪,৭৫৭টি; এলপিগিজ সিলিন্ডার মজুদের লাইসেন্স ১১১১টি; ২৪,৩২৩টি ট্যাঙ্ক পরীক্ষণপূর্বক গ্যাস মুক্ত পরীক্ষণ সনদ, প্রজ্ঞানীয় তরল পদার্থ আমদানির জন্য যথাক্রমে

১৩,৪৯২টি অনাপত্তি পত্র; ২৯৮টি ক্ষেত্রে গ্যাস পরিবহনের অনুমতি এবং বিস্ফোরক দ্রব্য সংক্রান্ত মামলায় প্রাপ্ত আলামতসমূহ পরীক্ষা-নিরীক্ষা করিয়া যথাক্রমে ১০০১টি ক্ষেত্রে বিশেষজ্ঞের মতামত প্রদান; ৩০ দিনের মধ্যে বেজা/এসইজেড অঞ্চলের শিল্পে লাইসেন্স আবেদন নিষ্পত্তি করা হইয়াছে।

৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২২-২৩		২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. বিভিন্ন দাহ্য পদার্থের উৎপাদন, মজুদ, পরিবহন ও ব্যবহারে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় অনাপত্তি, লাইসেন্স ইস্যু ও নবায়ন আবেদন নিষ্পত্তি	পেট্রোলিয়াম ও দাহ্য পদার্থসহ অন্যান্য বিস্ফোরক পদার্থের লাইসেন্স আবেদন নিষ্পত্তি	২	গড়	৯০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%
	বেজা/এসইজেড অঞ্চলের শিল্পে লাইসেন্স আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তি		গড়	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%	১০০%
	এল.পি.জি.'র সিলিন্ডার আমদানি		সংখ্যা	১৫০০০০	১৫০৪২৬	১২০০০০	১৫০০০০	১০০০০০	১০০০০০	১২০০০০
	এল.পি.জি.'র সিলিন্ডার মজুদের লাইসেন্স		সংখ্যা	২৫০	২৬০	২৫০	২৫০	২৯০	৩০০	৩১০
	পেট্রোলিয়াম পরিবাহী ও স্ক্র্যাপ জাহাজে গ্যাসমুক্ত পরীক্ষণের সনদ		সংখ্যা	৯৫০	৯৫০	৯৫০	৯৫০	১০০০	১০০০	১০০০
২. বিস্ফোরক দ্রব্য পরীক্ষণ	বিস্ফোরক দ্রব্য পরীক্ষণ		সংখ্যা	২০০	২৬১	১৮০	১৮০	২০০	৩০০	২৫০
৩. জ্বালানি সংক্রান্ত ওয়ার্কশপ-সেমিনারের আয়োজন	ওয়ার্কশপ-সেমিনার পরিচালনা	১	সংখ্যা	০১	১	১১	১	০১	০১	

৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২২-২৩	বাজেট		মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৩-২৪	২০২৪-২৫	২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮
সাধারণ কার্যক্রম							
১৪২০২০১ - প্রধান কার্যালয়, বিস্ফোরক অধিদপ্তর	১-৩	১,৭৫,৬৫	২,৫৩,৩৫	২,৪৫,৭৫	২,৭০,২১	৩,০২,৮৭	৩,১১,৩০
১৪২০২০২ - বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়সমূহ	১-৩	১,৭৫,২৭	২,৩০,৬৫	২,৩৮,২৬	৩,১৯,২৯	৪,৩০,৭৩	৬,৪৬,৪২
মোট : সাধারণ কার্যক্রম		৩,৫০,৯২	৪,৮৪,০০	৪,৮৪,০১	৫,৮৯,৫০	৭,৩৩,৬০	৯,৫৭,৭২
মোট : পরিচালন কার্যক্রম		৩,৫০,৯২	৪,৮৪,০০	৪,৮৪,০১	৫,৮৯,৫০	৭,৩৩,৬০	৯,৫৭,৭২
মোট :		৩,৫০,৯২	৪,৮৪,০০	৪,৮৪,০১	৫,৮৯,৫০	৭,৩৩,৬০	৯,৫৭,৭২

৬.৬ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৬.৬.১ সাম্প্রতিক অর্জন: খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) কর্তৃক গত তিন অর্থবছরে অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা হতে প্রাপ্ত বার্ষিক ফি, কোয়ারি ইজারা প্রদানের মাধ্যমে প্রাপ্ত ইজারা মূল্য, খনি হতে উত্তোলিত কয়লা ও কঠিন শিলার রয়্যালটি এবং পাথর ও সিলিকাবালু উন্মুক্ত নিলামে বিক্রয়ের মাধ্যমে মোট ২৭০.৭৮ (দুইশত সত্তর কোটি আটাত্তর লক্ষ) কোটি টাকা রাজস্ব আদায় করা হয়েছে।

৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. ইজারা ও লাইসেন্স প্রদান	অনুসন্ধান লাইসেন্স, ইজারা প্রদান	৩	সংখ্যা	২	১০	৪	১০	৫	৭	৫

৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২২-২৩	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
১	২	৩	৪	৫	৬	৭	৮
সাধারণ কার্যক্রম							
১৪২০৩০১ - খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো	১	২,৪০,০১	২,৭২,৭০	২,৫২,৫০	৮,৭১,০০	৪,১৮,৩১	৪,১৮,২৪
মোট : সাধারণ কার্যক্রম		২,৪০,০১	২,৭২,৭০	২,৫২,৫০	৮,৭১,০০	৪,১৮,৩১	৪,১৮,২৪
মোট : পরিচালন কার্যক্রম		২,৪০,০১	২,৭২,৭০	২,৫২,৫০	৮,৭১,০০	৪,১৮,৩১	৪,১৮,২৪
মোট :		২,৪০,০১	২,৭২,৭০	২,৫২,৫০	৮,৭১,০০	৪,১৮,৩১	৪,১৮,২৪

৬.৭ বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই)

৬.৭.১ সাম্প্রতিক অর্জন: বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে কর্মরত কর্মকর্তা ও পেশাজীবীদের কারিগরি, প্রশাসনিক ও আর্থিক সকল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় বিগত ২০২০-২১ অর্থবছরে ১৯টি প্রশিক্ষণ কোর্স ও ০৩টি ওয়ার্কশপ, ২০২১-২২ অর্থবছরে ২৬ টি প্রশিক্ষণ কোর্স ও ০৯টি ওয়ার্কশপ এবং ২০২২-২৩ অর্থবছরে ২৫টি প্রশিক্ষণ কোর্স ও ৪টি ওয়ার্কশপে যথাক্রমে ৮০৫ জন, ১০৪৪ জন এবং ৪৮৭ জনসহ সর্বমোট ২৩৩৬ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৬.৭.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. জ্বালানি বিষয়ক গবেষণা, প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা	প্রশিক্ষণ কোর্স পরিচালনা	১	সংখ্যা	২৫	২৫	২৪	২৫	২৩	২৩	২৩
	গবেষণা কার্যক্রম পরিচালনা ও অংশগ্রহণ			১	২	১	১	২	২	২
২. জ্বালানি সংক্রান্ত ওয়ার্কশপ-সেমিনারের আয়োজন	ওয়ার্কশপ ও সেমিনার পরিচালনা			৬	৪	৬	২	২	২	২

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২২-২৩	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২৩-২৪		২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭
			১	২	৩	৪	৫
প্রযোজ্য নয়							